৩৬

দৈনিক ইনকিলাব

তারিখ DEC 1 1 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঈদের আগে বেসরকারী শিক্ষকদের বেতন ও বোনাস প্রদান করুন

**–শিক্ষক সমিতি**

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া এক বিবৃতিতে পবিত্র ঈদুল ফিতরের পূর্বে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বর '৯৯ ও জানুয়ারী ২০০০ সনের বেতনের সরকারী অংশ প্রদানের অনুরোধ করেছেন। নেতৃবৃন্দ বলেন, ইতিপূর্বে ঈদের পূর্বে শিক্ষা মন্ত্রণালয় থেকে বেতন প্রদানের ঘোষণা দিলেও কোন কোন এলাকায় ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের খামখেয়ালীর কারণে শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ সময়মত পাননি। নেতৃবৃন্দ বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীরা উৎসব ভাতা থেকে বঞ্চিত। বেসরকারী শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের দাবীর পরিপ্রেক্ষিতে আসন্ন ঈদুল ফিতরের পূর্বে উৎসব ভাতাসহ গত ৪ ও ৫ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের দেয়া তথ্য বিবরণীতে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের যে সমস্ত দাবী মেনে নেয়ার ঘোষণা দেয়া হয় তা বাস্তবায়নের দাবী জানান।